

ছবি

-সাধন সরকার

(স্বাধীনতার পর)

ছেঁড়া ত্যানা জড়ানো, কোমরে
হাঁটু পর্যন্ত। ময়লা।
মাইক্রোসকোপটা চোখে ঠেসে দেখো,
অসংখ্য জীবানু কিলবিল্
গাদাগাদি করে আছে।
পুঁজ, রক্ত আর বীর্ষকিট -
কেননা পুরুষের কামনা আগুন
নিভেছে ওখানে -
ওয়াক থু করবে নিশ্চই
বমি হয়তো ঠেলে আসতে চাইবে
প্রবল ঘৃণায়। কারন এ রস
বিভৎস।
মাইক্রোসকোপটা সরে গেলে
মধ্যবিভূ চোখ, মাথা নিয়ে ঘুরে যাবে
ডাইনে কিংবা বামে।
ছেঁড়া ত্যানা দেখে নয়।
উপরের অংশ খোলা -
ধূলোবালি কালি ঝুলি মাথা ছিন্ন কাপড়ের ফাঁকে
মাংস পিন্ড দুটি দেখে।
ভয়ে। ঘৃণায়, বিরক্তিতে।
স্বাধিকার অর্জনে বে-নামিতে ঘোরা
গর্বে ভরা বুক, তরণ যৌবন
বিরক্ত হবে।
নামি দামী কাপড়ে হাল ফ্যাশানে ঢাকা
বিজাতি পোষাকে চোখে সানগগলস্ আঁটা
ক্ষিণ দৃষ্টি নিয়ে, তাকিয়ে বিরক্তি ছুঁড়ে দেবে কিছু
বল্বে, ননসেন্স।
কিন্তু তাতে উদাম বুক রোগ শীর্ণ নাঙা মাই এর বোঁটা
ঢাকা যাবে না।
বুকে লেগেথাকা চামচিকার মত শিশু
শুশবে রক্তরস, বাঁচার আশায়।
প্রশ্ন রাখবে করুণ দৃষ্টি দিয়ে তার।
বড় বড় কাগজের হেড লাইনে তপ্ত কথা,
গরম বক্তৃতা, বাণী আর প্রতিশ্রুতির
আশ্বাসে ভরা দিস্তে দিস্তে কাগজ
জম্বে, জম্বে, জমুক, প্রশ্ন তুলনা কেউ
প্রশ্নের উত্তর দেবার সময় এটা নয়
কারণ এ হল আখের গোছানোর সময়
প্রতিযোগিতায় এ সব দৃশ্য মনে আনতে নেই
সড়ক ধরে যদি নগ্ন মিছিল দেখ
সোচ্চার হয়ে বোলো
বাঁচার দরকার তোদের নেই
পারতো মৃত্যুর দিকে ঠেলে দিও
মনের সত্যিটা অন্তত একদিন প্রকাশ করো।